# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-I Examinations, 2018

## বাংলা-সাম্মানিক

## বাংলা-প্রথম পত্র

সময়: ৪ ঘণ্টা পূর্ণমান: ১০০

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পুঁথি আবিষ্কারের বিবরণ দাও। কাব্যটির পরিচয় দিয়ে মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে এর গুরুত্ব নির্ধারণ করো। ৩+৭+৫

**অথবা**

চৈতন্য দেবকে নিয়ে মধ্যযুগে জীবনী সাহিত্য রচনার কারণ কী ? উল্লেখযোগ্য দুটি চৈতন্য জীবনী গ্রন্থের পরিচয় দাও। ৩+৬+৬

**অথবা**

ভারতচন্দ্রের আবির্ভাবের পটভূমি বিশ্লেষণ করে বাংলা মঙ্গলকাব্যের ধারায় 'অন্নদামঙ্গল' কাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করো। ১৫

২। বাংলা সাহিত্যের বিকাশে 'দিগ্‌দর্শন' থেকে 'বঙ্গদর্শন' পর্যন্ত সাময়িক পত্রের ভূমিকা ও অবদান নির্ণয় করো। ১৫

**অথবা**

উনিশ শতকের বাংলা মহাকাব্য ধারার পরিচয় দাও। এই ধারাটি লুপ্ত হয়ে গেল কেন সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১২+৩

**অথবা**

বাংলা নাট্যসাহিত্যের ধারায় গিরিশচন্দ্র ঘোষের অবদান নির্ণয় করো। ১৫

৩। রবীন্দ্রোত্তর আধুনিক বাংলা কবিতার ক্ষেত্রে নজরুল ইসলাম অথবা প্রেমেন্দ্র মিত্রের কবি প্রতিভার পরিচয় দাও। ১৫

**অথবা**

বাংলা ছোটগল্পে জগদীশ গুপ্তের অবদান আলোচনা করো। ১৫

**অথবা**

গণনাট্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের কৃতিত্ব আলোচনা করো। ৫+১০

৪। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) বাঙালি সমাজ ও সংস্কৃতিতে তুর্কি আক্রমণ কতটা প্রভাব ফেলেছিল তা আলোচনা করো।

(খ) কল্লোল যুগ বলতে কী বোঝো ? এই যুগের একজন কবির কবিতার বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) বাংলা ছোটগল্পে মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার পরিচয় দাও।

৫। নিম্নলিখিত প্রতিটি গুচ্ছ থেকে ***একটি*** করে যে-কোনো ***তিনটি*** গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫

| | | | |
|---|---|---|---|
| (ক) | (i) চর্যাগীতিকোষ | (ii) শ্রীকৃষ্ণ বিজয় | (iii) শিবায়ন |
| (খ) | (i) কৃষ্ণকুমারী | (ii) বিদস্য হার | (iii) সাম্য |
| (গ) | (i) গোরা | (ii) ঝরাপালক | (iii) চার-ইয়ারী কথা |

৬। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে মধ্যভারতীয় আর্যস্তর অতিক্রম করে কীভাবে বাংলা ভাষার জন্ম হল রেখাচিত্র সহযোগে তা বুঝিয়ে দাও। ১৫

(খ) উপভাষা কাকে বলে ? বাংলা ভাষায় প্রধান প্রধান উপভাষাগুলির নাম উল্লেখ করে বাংলা ভাষার যে-কোনো দুটি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ২+৫+৪+৪

(গ) বাংলা ভাষায় সাধু ও চলিত রীতির পরিচয় দাও। উভয় রীতির বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ১৫

৭। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) উদাহরণসহ যে-কোনো ***পাঁচটির*** সংজ্ঞা নির্দেশ করো। ৩×৫

অন্ত্যস্বরাগম, শ্রুতিধ্বনি, সাদৃশ্য, অভিশ্রুতি, বিষমীভবন, জোড়কলম শব্দ, তালব্যীভবন।

(খ) যে-কোনো ***পাঁচটির*** ভাষাতাত্ত্বিক টীকা লেখোঃ ৩×৫

আঠারো, পালকি, ডুমুর, হাসপাতাল, আনারস, ইঁদারা, বাসি, গবাক্ষ, উজবুক।

——×——

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-I Examinations, 2018

## বাংলা-সাম্মানিক

## বাংলা-দ্বিতীয় পত্র

সময়: ৪ ঘণ্টা | পূর্ণমান: ১০০

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। গল্পের আকারগত সংক্ষিপ্ততাই ছোটগল্পের একমাত্র বৈশিষ্ট্য নয় – এই মন্তব্যের আলোকে ছোট গল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। একটি সার্থক ছোটগল্পের মধ্যে উক্ত বৈশিষ্ট্যগুলির প্রয়োগ দেখাও। ৮+১২

**অথবা**

নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০+১০=২০

(ক) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। বাংলা সাহিত্যের একটি উল্লেখযোগ্য ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ৫+৫

(খ) রাজনৈতিক উপন্যাসের প্রাণধর্মের পরিচয় দাও। এই সূত্রে বাংলা সাহিত্যের একটি রাজনৈতিক উপন্যাসের ব্যাখ্যা করো। ৩+৭

(গ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস বলতে কী বোঝো ? এই জাতীয় একটি উপন্যাসের পরিচয় দিয়ে চেতনাপ্রবাহরীতির ধারায় তার সার্থকতা বিচার করো। ৩+৭

(ঘ) সামাজিক, ঐতিহাসিক, রাজনৈতিক, আঞ্চলিক প্রভৃতি বিচিত্রতা সত্ত্বেও উপন্যাসের এমন কিছু সাধারণ বৈশিষ্ট্য আছে যা সব ধরণের উপন্যাসেই প্রত্যাশিত। বিষয়টি আলোচনা করো। ১০

২।(ক) চন্দ্রশেখর উপন্যাসের বিভিন্ন খণ্ডের নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮

**অথবা**

‘পরে শৈবলিনীর জ্ঞান জন্মিতে লাগিল, বুঝিল যে প্রতাপ ভিন্ন পৃথিবীতে সুখ নাই, বুঝিল এ জন্মে প্রতাপকে পাইবার সম্ভাবনা নাই,’ সমগ্র উপন্যাস জুড়ে শৈবলিনীর এই আত্মসংকট কীভাবে ফুটে উঠেছে তা দেখাও। ১৫

(খ) ‘পাঁচ জনের মধ্যে ও যে-কোনো একজন মাত্র নয় ও হল একেবারে পঞ্চম’- শেষের কবিতা উপন্যাসে এই উক্তি কার সম্পর্কে করা হয়েছে ? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্র বৈশিষ্ট্য আলোচনা করো। ১+১৪

**অথবা**

শেষের কবিতার গঠনশৈলী আলোচনা প্রসঙ্গে উপন্যাসটির অভিনবত্ব বিচার করো। ১৫

(গ) শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শক মাত্র, জীবনের বিচিত্র রসের আস্বাদনে তার আনন্দ – শ্রীকান্ত উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে এই মন্তব্যটির পক্ষ অবলম্বন করো। ১৫

**অথবা**

‘শ্রীকান্ত’ (প্রথম পর্ব) উপন্যাসে হাস্যরস সৃষ্টিতে শরৎচন্দ্রের দক্ষতা বিচার করো। ১৫

(ঘ) ‘প্রাচীন গতানুগতিক উপকথার জগতে করালী নবীন আলোর মশাল’ – মন্তব্যটির আলোকে করালী চরিত্রের বিচার করো। ১৫

**অথবা**

মিথের অনন্যসাধারণ ব্যবহার ‘হাঁসুলী বাঁকের’ উপকথা’ উপন্যাসটিকে অভিনবত্ব দান করেছেঃ এই মন্তব্যের আলোকে হাঁসুলী বাঁকের উপকথা উপন্যাসের মিথ-প্রয়োগে ঔপন্যাসিকের দক্ষতা বিচার করো। ১৫

৩।(ক) আমি মরি তাহাতে ক্ষতি কি ? কিন্তু আমার জন্য প্রতাপ মরিবে কেন – কে কখন একথা বলেছে ? তার এই আত্ম-উপলব্ধির কারণ বিশ্লেষণ করো। ২+৩

**অথবা**

‘সুপ্ত সিংহ যেন জাগিয়া উঠিল’ – কে এই সুপ্ত সিংহ ? কখন সে জেগে উঠল ? এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

(খ) ‘কোথায় আছ নিবারণ চক্রবর্ত্তী এইবার ভর করো আমার পরে – বাণী দাও, বাণী দাও’ – কে নিবারণ চক্রবর্ত্তীকে এভাবে আহ্বান করেছে ? নিবারণ চক্রবর্ত্তীর সম্যক পরিচয় দাও। ১+৪

**অথবা**

‘তুমি আমার কাছে কি যে চাও, আর আমি তোমাকে কতটুকুই বা দিতে পারি ভেবে পাইনে’ – কে কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছে, এর তাৎপর্যই বা কী আলোচনা করো। ১+১+৩

(গ) ‘বড় প্রেম শুধু কাছেই টানে না ইহা দূরেও ঠেলিয়া ফেলে’ – উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে বলেছে ? বড় প্রেমের তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

**অথবা**

‘তোমাকে মনেই বা কবে করেছিলুম যে ভুলে যাব না ?’ – উক্তিটি কার ? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে ? প্রসঙ্গ উল্লেখ করে উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+৩

(ঘ) ‘অদ্ভুত বেশ মাথায় জটা হাতে ত্রিশূল কিন্তু মহাদেব নয়, গাজনের সঙের নন্দীর বেশ,’ কার সম্বন্ধে বলা হয়েছে ? তার চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৪

**অথবা**

ঘি দিয়ে ভাজ নিমের পাত ১+১+৩

নিম না ছাড়ে নিজের জাত

কথাটি কে বলেছে ? প্রসঙ্গটির পরিচয় দাও, এখানে নিম বা ঘি বলতে কি বোঝানো হয়েছে ?

——×——